

প্রতি মাসে উপজেলা সমবায় কার্যালয়, সিরাজদিখানের মাধ্যমে জেলা সমবায় কার্যালয়, মুন্সীগঞ্জ কর্তৃক ভ্রাম্যমান প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করা হয়। যার মাধ্যমে সমবায়ীদের সমবায় আইন ও বিধিমালা বিষয়ে এবং সমিতির হিসাব সংরক্ষণের বিষয়ে প্রশিক্ষিত করা হয়।

এছাড়া প্রতি ১ মাস অন্তর সিরাজদিখানে অবস্থিত সমবায় সমিতি সদস্যদের সমবায় সম্পর্কিত সেলাই, কম্পিউটার, অটোমেটিক, ব্লক ও বাটিক, মাশরুম চাষ, সমবায় হিসাব সংরক্ষণ, সমবায় সমিতি ব্যবস্থাপনা বিষয়ে দক্ষ হিসেবে গড়ে তোলার জন্য সমবায় অধিদপ্তর কর্তৃক পরিচালিত আঞ্চলিক সমবায় শিক্ষায়াতন নরসিংদী, ফরিদপুর, মুক্তগাছা ও বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লায় প্রশিক্ষণ দেওয়া হয়।

এছাড়া দারিদ্র বিমোচনের লক্ষ্যে জিওবি এর অর্থায়নে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) কর্তৃক বাস্তবায়নধীন সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী (সিভিডিপি) নামে একটি প্রকল্প সমবায় বিভাগ কর্তৃক পরিচালিত হচ্ছে। উক্ত প্রকল্প কর্তৃক গঠিত ৬০টি সংগঠনকে আয় বৃদ্ধিমূলক কর্মকাণ্ডের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সুবিধাদি প্রদান করা হচ্ছে।

- সিভিডিপিভুক্ত সমিতি এলাকার সমবায়ী বিশেষ করে বেকার যুবক যুবতীদের উপজেলাস্থ জাতিগঠনমূলক বিভাগসমূহ কর্তৃক প্রশিক্ষণ প্রদান (প্রতি বিষয়ে ৩দিন ব্যাপী)।
- সেলাই ও দর্জি বিদ্যা, ইলেকট্রিক্যাল, প্লাস্টিং ও পাইপ ফিটিং বিষয়ে বভিন্কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ৬০ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান।
- সিভিডিপির উদ্যোগে সমিতি এলাকায় বিষয় ভিত্তিক উন্নয়ন কর্মীদের জন্য কৃষি উন্নয়ন, মৎস্য উন্নয়ন, হাস-মুরগী ও গবাদী পশু উন্নয়ন, স্বাস্থ্য পুষ্টি ও পরিবার পরিকল্পনা, গ্রামীণ উদ্যোক্তা উন্নয়ন, মহিলা ও শিশুদের ক্ষমতায়ন ও মানবাধিকার সংরক্ষণ বিষয়ক বিশেষ প্রশিক্ষণ প্রদান কার্যক্রম পরিচালিত হয়েছে।